# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩২]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৩৯: ইমামের সালাত থেকে বের হয়ে মসজিদের কোণে মুসল্লীর পৃথক সালাত আদায় করা

خروج الرجل من صلاة الإمام وفراغه من صلاته في ناحية المسجد

---

আরবী

خْبَرَنَا وَاصِلُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ، عَنِ الْأَعْمَشِ، عَنْ مُحَارِبِ بْنِ دِثَارٍ، وَأَبِي صَالِحٍ، عَنْ جَابِرٍقال: جَاءَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ وَقَدْ أُقِيمَتِ الصَّلَاةُ فَدَخَلَ الْمَسْجِدَ فَصَلَّى خَلْفَ مُعَاذٍ فَطَوَّلَ بِهِمْ فَانْصَرَفَ الرَّجُلُ فَصَلَّى فِي نَاحِيَةِ الْمَسْجِدِ، ثُمَّ انْطَلَقَ فَلَمَّا قَضَى مُعَاذٌ الصَّلَاةَ قِيلَ لَهُ إِنَّ فُلَانًا فَعَلَ كَذَا وَكَذَا فَقَالَ مُعَاذٌ: لَئِنْ أَصْبَحْتُ لَأَذْكُرَنَّ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَأَتَى مُعَاذٌ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ ذَلِكَ لَهُ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْهِ فَقَالَ: مَا حَمَلَكَ عَلَى الَّذِي صَنَعْتَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ عَمِلْتُ عَلَى نَاضِحِي مِنَ النَّهَارِ فَجِئْتُ وَقَدْ أُقِيمَتِ الصَّلَاةُ فَدَخَلْتُ الْمَسْجِدَ فَدَخَلْتُ مَعَهُ فِي الصَّلَاةِ فَقَرَأَ سُورَةَ كَذَا وَكَذَا فَطَوَّلَ فَانْصَرَفْتُ فَصَلَّيْتُ فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَفَتَّانٌ يَا مُعَاذُ أَفَتَّانٌ يَا مُعَاذُ أَفَتَّانٌ يَا مُعَاذُ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الأذان ٦٠ (٧٠١)، ٦٣ (٧٠٥)، وقد أخرجه: صحيح البخارى/الأدب ٧٤ (٦١٠٦)، صحيح مسلم/الصلاة ٣٦ (٤٦٥)، سنن ابى داود/الصلاة ٦٨ (٥٩٩)، ١٢٧ (٧٩٠)، سنن ابن ماجه/إقامة ٤٨ (٩٨٦)، (تحفة الأشراف: ٢٢٣٧، ٢٥٨٢)، مسند احمد ٣/٢٩٩، ٣٠٨، ٣٦٩، سنن الدارمى/الصلاة ٦٥ (١٣٣٣)، ويأتى عند المؤلف بأرقام: ٩٨٥ مختصراً، ٩٩٨ مختصراً (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 832 ـ صحيح

বাংলা

৮৩১. ওয়াসিল ইবনু ’আবদুল আ’লা (রহ.) ... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সালাতের ইকামাত বলার পরে এক আনসারী ব্যক্তি আসলো। সে মসজিদে প্রবেশ করে মু’আয (রাঃ)-এর পিছনে সালাতে দাঁড়াল। তিনি কিরাআত দীর্ঘ করলেন। লোকটি তখন সালাত থেকে বের হয়ে মসজিদের এক কোণে সালাত আদায় করে চলে গেল। মু’আয (রাঃ) যখন সালাত শেষ করলেন তাঁকে বলা হল, অমুক ব্যক্তি এরূপ এরূপ করেছে। মু’আয (রাঃ) বললেন, আমি ভোরে রাসূলুল্লাহ (সা.)-কে এ সম্পর্কে অবশ্যই জানাব। মু’আয (রাঃ) রাসূলুল্লাহ (সা.)-এর নিকট গিয়ে ঘটনা ব্যক্ত করলেন। রাসূলুল্লাহ (সা.) লোকটির নিকট লোক পাঠিয়ে তাকে ডেকে আনলেন এবং তাকে প্রশ্ন করলেন, তুমি যা করেছ তা করতে তোমাকে কিসে উৎসাহিত করেছে? সে লোকটি বলল, হে আল্লাহর রসূল! আমি দিনের বেলায় আমার উটের কাজে ব্যস্ত ছিলাম। এরপর আমি আসলাম এবং পূর্বেই সালাতের ইক্বামাত বলা হয়েছিল। আমি মসজিদে প্রবেশ করে তার সাথে সালাতে শারীক হলাম। কিন্তু তিনি সালাতে অমুক অমুক সূরাহ্ শুরু করে সালাত দীর্ঘ করে দিলেন। এজন্যে আমি সালাত থেকে বের হয়ে মসজিদের এক কোণে সালাত আদায় করি। রাসূলুল্লাহ (সা.) বলেন, হে মুআয! তুমি কি (লোকেদের) ফিতনাহ্ ও কষ্টের মধ্যে ফেলবে? হে মু’আয! তুমি কি (লোকেদের) ফিতনাহ্ ও কষ্টের মধ্যে ফেলবে? হে মু’আয! তুমি কি ফিতনাহ্ সৃষ্টিকারী?

## English

39. A Man Exiting The Prayer Behind The Imam And Going To Pray By HimselfIn A Corner Of The Masjid

It was narrated that Jabir said: A man from the Ansar came when the Iqamah for prayer had been said. He entered the Masjid and prayed behind Muadh, and he(Muadh) made the prayer lengthy. The man went away and prayed in a comer of the Masjid, then he left. When Muadh finished praying, it was said to him that so-and-so had done such and such. Muadh said: 'Tomorrow I will mention that to the Messenger of Allah (ﷺ).' So Muadh came to the Messenger of Allah (ﷺ) and told him about that. The Messenger of Allah (ﷺ) sent for him and asked him: 'What made you do what you did? He said: '0 Messenger of Allah (ﷺ), I had been working with my camel to bring water all day, and when I came the Iqamah for prayer had already been said, so I entered the Masjid and joined him in the prayer, then he recited such and such a Surah and made it lengthy, so I went away and prayed in a comer of the Masjid.' The Messenger of Allah (ﷺ) said: 'Do you want to cause hardship to the people, 0 Muadh do you want to cause hardship to the people, 0 Muadh do you want to cause hardship to the people, 0 Muadh? '

ফুটনোট

সহীহ: বুখারী ৭০৫, সহীহ: আবু দাউদ ৭৫৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87205

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন